গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ, রংপুর
web:www.ccr.gov.bd
E-mail: carmichaelcollege@gmail.com

"বিজ্ঞপ্তি"

নম্বর. ৪২৭ তারিখ. ২০/৬/২৪

২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ২০/০৬/২০২৪ তারিখ হতে ০৩/০৭/২০২৪ তারিখ পর্যন্ত (শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ১০.০০ টা থেকে দুপুর ৩.০০ টা পর্যন্ত সংশ্লিষ্ট ফরমপূরণ কমিটির নিকট হতে টাকা জমা দেয়ার রশিদ সংগ্রহপূর্বক কলেজ জনতা ব্যাংক বুথ শাখায় প্রয়োজনীয় ফি জমা দিতে হবে। পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম ঐ দিনই ফরমপূরণ কমিটির নিকট জমা দেয়ার জন্য বলা হলো। ফরম পূরণের বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট অথবা কলেজের ওয়েব সাইট (www.ccr.gov.bd) হতে জানা যাবে।

২০২২ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী)

ক্রমিক নম্বর	পরীক্ষার ধরণ	বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি	গ্রেড উন্নয়ন ফি	কেন্দ্র ফি	বিবিধ	ব্যবস্থাপনা ফি	ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি	মোট টাকা
১	৩য় বর্ষ ৭০০ নম্বর (নিয়মিত)	১৬০০/-	০০০	৪৫০/-	১০০/-	৫০/-	১৫০/-	২৩৫০/-
২	সার্টিফিকেট কোর্স	৮০০/-	০০০	৪৫০/-	১০০/-	৫০/-	০০	১৪০০/-
৩	অকৃতকার্য ও মানউন্নয়ন পরীক্ষার্থীদের (এক পত্রের জন্য)	১০০/-	৩০০/-	৪৫০/-	১০০/-	৫০/-	০০	১০০০/-
৪	অকৃতকার্য ও মানউন্নয়ন পরীক্ষার্থীদের(দুই পত্রের জন্য)	২০০/-	৩০০/-	৪৫০/-	১০০/-	৫০/-	০০	১১০০/-
৫	অকৃতকার্য ও মানউন্নয়ন পরীক্ষার্থীদের (তিন পত্রের জন্য)	৩০০/-	৩০০/-	৪৫০/-	১০০/-	৫০/-	০০	১২০০/-
৬	Conditional Promoted-(c-promoted)	১০০০/- (নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি প্রতি পরীক্ষার্থীর জন্য)						

এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এবং ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে নাই তারা সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২২ সালের ৩য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। একই সাথে ১ম ও ২য় বর্ষের সকল কোর্সে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ২০১৫-২০১৬ এবং ২০১৬ (প্রাইভেট) শিক্ষাবর্ষের এ ধরণের শিক্ষার্থী সর্বসাকুল্যে ৬০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে উল্লিখিত শর্তে শুধুমাত্র ২০২২ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশ নিতে পারবে।

উভয় ক্ষেত্রেই রেজিস্ট্রেশন নবায়নের প্রয়োজন নাই এবং উত্তীর্ণ হলে মানোন্নয়ন অংশগ্রহণের সুযোগ পাবে না। তবে শর্ত থাকবে যে, পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (নিয়মিত) ঃ

i) ২০১৯-২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত) ঃ

i) ২০১৬-২০১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২০১৬-২০১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iv) ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১ সালের ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম D গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মানোন্নয়ন) ঃ

i) ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নাই।

২০/৬/২৪
অধ্যক্ষ

আবেদনপত্রের সাথে যা যা সংযুক্ত করতে হবেঃ

১. রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ০১ কপি।
২. প্রবেশ পত্রের ফটোকপি (মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য) ০১ কপি।
৩. ফলাফলের কপি (মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য) ০১ কপি।

২০/৬/২৪

অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর।
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
কারমাইকেল কলেজ, রংপুর।

নম্বর:

তারিখ: ২০/৬/২৪

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ

১। উপাধ্যক্ষ, এই কলেজ
২। আহ্বায়ক, ডিগ্রী ৩য় বর্ষ পরীক্ষা কমিটি-২০২২, এই কলেজ
৩। ম্যানেজার, জনতা ব্যাংক লালবাগ বাজার শাখা, রংপুর
৪। সংরক্ষণ নথি।

২০/৬/২৪

অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর।
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
কারমাইকেল কলেজ, রংপুর।

Kalieha
10.06.2024